

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

পরিদর্শক এর দপ্তর

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৯.০১১.২১.১৫২

তারিখ: ২৭ পৌষ ১৪২৮

১১ জানুয়ারি ২০২২

বিষয়: মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলাধীন সুজাউল সিনিয়র ফাযিল (ডিগ্রি) মাদ্রাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষ, সুজাউল সিনিয়র ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, বড়লেখা, মৌলভীবাজার এর স্মারক নং- ৯৭/২১; তারিখ: ২৫.১২.২০২১খ্রি।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮; তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদ্রাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে। ০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজ-পত্র পর্যালোচনান্তে সূত্রোক্ত ২ নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে নিম্নে বর্ণিত ব্যক্তিকে বর্ণিত মাদ্রাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনয়ন দেয়া হলো-

মনোনিত বিদ্যোৎসাহী প্রতিনিধির নাম ও পিতার নাম	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	পেশা
মো: রফিক উদ্দিন, পিতার নাম: মনসুরুল হক	গ্রাম: মুড়াইল, ডাক: সুজাউল মাদ্রাসা, উপজেলা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার।	কামিল ও বি.এ	সমাজ সেবা

উল্লেখ্য, রাষ্ট্রীয় নিয়ম শৃঙ্খলা ও স্বার্থ পরিপন্থী কোন কর্মকান্ডের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর উক্ত সদস্য পদ যে কোন সময় বাতিল করতে পারে।

১১-১-২০২২

মোসাম্মৎ ফেরদৌসী আলম

পরিদর্শক

অধ্যক্ষ, সুজাউল সিনিয়র ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা,

বড়লেখা, মৌলভীবাজার।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৯.০১১.২১.১৫২/১(৯)

তারিখ: ২৭ পৌষ ১৪২৮

১১ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

২) সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

- ৩) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার।
- ৫) জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়লেখা, মৌলভীবাজার।
- ৭) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
- ৮) সভাপতি, সুজাউল সিনিয়র ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, বড়লেখা, মৌলভীবাজার।
- ৯) জনাব .....।

ফেরদৌসী

১১-১-২০২২

মোসাম্মৎ ফেরদৌসী আলম

পরিদর্শক